# বিভাগীয় পর্যায়ে ০২ (দুই) দিন ব্যাপী অনুষ্ঠেয় ‘উদ্ভাবনী মেলা ২০২৩’-এ অংশগ্রহণ করার জন্য উদ্ভাবনী উদ্যোগসহ বাস্তবায়নকারীর নামের তালিকা

| জেলা/দপ্তরের নাম | ক্র নং: | উদ্ভাবনী উদ্যোগের নাম | উপস্থাপিত কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও ঠিকানা (মোবাইল নম্বরসহ) | উদ্ভাবনী উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ বাস্তবায়নের সময়সহ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সিরাজগঞ্জ | ১ | **রিডিং কম্পিটিশন** | মোছাঃ মেরিনা সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কামারখন্দ উপজেলা<br>সিরাজগঞ্জ<br>মোবাইল-০১৭৩৩৩৩৫০৪৪ | করোনাকালীন দীর্ঘদিন বন্ধ থাকার পর দেখা যায়, প্রাথমিক স্কুলের বিভিন্ন শ্রেণির অনেক শিক্ষার্থী শুদ্ধভাবে বাংলা ও ইংরেজী লিখতে এবং পড়তে পারে না । শিক্ষার মান উন্নয়নে কামারখন্দ উপজেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের ৫টি ক্যাটাগরীতে বিভক্ত করা হয় যেমন, সাবলীলভাবে পড়তে পারে, বানান করে পড়তে পারে, শিক্ষকের আংশিক সহযোগীতা নিয়ে পড়তে পারে, শিক্ষকের সম্পূর্ণ সহযোগিতা নিতে পারে এবং পড়তে পারে না। পরবর্তীতে প্রতিটি প্রতিস্ঠানকে দুই মাস সময় বেধে দেওয়া হয়, যেই সময়ের মধ্যে সাবলীলভাবে পড়তে পারে না , এরকম শিক্ষার্থীদেরকে প্রস্তুত করতে হবে। ১৭ আগস্ট ২০২২ তারিখে উপজেলা পরিষদ অডি টোরিয়ামে **আয়োজন করা হয় রিডিং কম্পিটিশন।** বর্তমানে কামারখন্দ উপজেলার তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর সকল শিক্ষার্থীরা সাবলীলভাবে বাংলা ও ইংরেজী পড়তে পারে যেখানে মূলত শ্রেণি শিক্ষার পাশাপাশি রিডিং কম্পিটিশন আয়োজন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বাস্তবায়ন করতে সময় লেগেছে ৩ মাস। | |
| | ২ | **পাঠচক্র** | মোছাঃ মেরিনা সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কামারখন্দ উপজেলা<br>সিরাজগঞ্জ<br>মোবাইল-০১৭৩৩৩৩৫০৪৪ | শিশুদের পাঠ্য ভাস তৈরি করার লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কা র্যালয়, রাজশাহী এর আর্থিক সহযোগি তায় **কামারখন্দ উপজেলা পাবলিক লাইব্রেরী কে আধুনিকায়ন** করার পাশাপাশি শিশুদেরকে বই পড়ার প্রতি উৎসাহী করে তোলার জন্যে গড়ে তোলা হয়েছে লাইব্রেরীকেন্দ্রিক পাঠচক্র। এই পাঠচক্রে প্রতি সপ্তাহে দুই দিন শ্রেণি উপযোগী গল্পের বই নিয়ে উৎসাহী শিশুদের সাথে আলোচনা করা হয়। পাশাপাশি গঠিত হয়েছে ডিবেটিং ক্লাব ও লাইব্রেরীতে বিভিন্ন সময়ে আয়োজন করা হয়েছে বিতর্ক প্রতিযোগিতা।<br>বাস্তবায়ন করতে সময় লেগেছে ৪ মাস । | |
| | ৩ | **আপন ঘর ডিজিটাল মার্কেটিং** | লুৎফুন্নেছা পুনম<br>সভাপতি<br>আপন ঘর উল্লাপাড়া যুব সংগঠন, উল্লাপাড়া, সিরাজগঞ্জ<br>মোবাইল-০১৭২৩৮১৪৭৯১ | সোশ্যাল মিডিয়া কে কাজে লাগিয়ে উপজেলার উদ্যোক্তাদের একত্রিত করে উল্লাপাড়া উপজেলায় ই -কমার্স যুগের সূচনা হয়ে গেছে। উপজেলার উৎপাদিত পণ্যসমূহ উৎপাদনকারীরা অনলাইন প্লাটফর্ম এ ক্রেতাদের কাছে তুলে ধরছে। এছাড়াও **উপজেলা ব্র্যান্ডিং এ আপন ঘর ডিজিটাল মার্কেটিং** অনন্য ভূমিকা রাখছে।বাস্তবায়ন করতে সময় লেগেছে ৬ মাস । | |
| | ৪ | **কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প:** পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প | জনাব মো: আব্দুর রশিদ<br>সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার,<br>রায়গঞ্জ, সিরাজগঞ্জ<br>মোবাইল-০১৭১৮-৪০৬৯৯১ | একটি নিরাপদ, অবিষাক্ত ও পরিবেশ বান্ধব পদ্ধতি বা কৌশল। হলুদ ফাঁদ মূলত বিভিন্ন পোকা দমনে ব্যবহার করা হয়। এছাড়া একই সাথে এই ফাঁদ পোকার উপস্থিতি ও পরিমান বুঝতেও সমানভাবে কাজ করে। **উপাদান ও কৌশলে নতুনত্ব আনয়নের মাধ্যমে কৃষি বিপ্লব** ও খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ভূমিকা রাখছে। বাস্তবায়ন করতে সময় লাগে ৭ দিন। | |
| | ৫ | **রোবট ডল** | জনাব মো: মেহেদী হাসান<br>ইন্সট্রাক্টর টেক কম্পিউটার,<br>সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট, সিরাজগঞ্জ সদর, | **রোবট ডল আধুনিক** স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে জীবনকে সহজ করে তুলছে। রোবটে সফটওয়্যার ইন্সটল করা থাকবে, যা **ভয়েস কমান্ড অনুযায়ী** অনলাইনে কানেক্টেড থেকে ভিজুয়াল প্যানেল অথবা ভয়েস এর মাধ্যমে **তথ্য প্রদান করবে।** এটি যেমন উইকিপিডিয়া | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | সিরাজগঞ্জ<br>মোবাইল-০১৭৪৮৭৩১০৬৬ | থেকে যেকোন প্রশ্নের উত্তর দিবে তেমনি পুলিশ সেবা , এনআইডি সার্ভিস, সময় জানা এবং দেশ-বিদেশ সম্পর্কে জানা /অজানা তথ্য প্রদান করবে। বাস্তবায়নাধীন এই প্রযুক্তি চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাবনার দুয়ার উন্মোচন করবে।<br>কার্যক্রম চলমান । | |
| পাবনা | ০১ | **ডিজিটাল বুক এন্ড পেন**<br>(শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য) | সাইদা শবনম, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, পাবনা সদর<br>ও<br>মো: আসলাম হোসাইন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, ঈশ্বরদী<br>মোবাইলনং ০১৭৯৫৪৪৩৯৯৮, ০১৭৩৪২১৭৭৪৯ | প্রাথমিক শিক্ষায় যোগ্যতা ভিত্তিক শিখন ফল অর্জনের জন্য মহান শিক্ষকদের শ্রেণি পাঠদান ও শিশুশিক্ষার্থীদের শিক্ষা গ্রহন প্রক্রিয়া প্রমিত উচ্চারন, আনন্দদায়ক, সহজ, সপ্রণোদিত এবং **ডিজিটাল পদ্ধতির** বিকাশ সাধনে পাঠ্যপুস্তক স্বল্প অতিরিক্ত ব্যয়ে ডিজিটালভার্সনে রূপায়ণ এবং ডিজিটাল কলমে **অডিও-ভিডিও সফ্টওয়্যারের** মাধ্যমে **'ডিজিটাল বুক এন্ড পেন' উদ্ভাবন** করে প্রচলিত পাঠদান পদ্ধতির পাশাপাশি এই পদ্ধতিতে পাঠদান গ্রহণ ও প্রদান করলে সারাদেশে শিক্ষার্থীদের প্রমিত উচ্চারণে ভাষার দক্ষতা অর্জণ ও যোগ্যতাভিত্তিক শিখন ফল বাস্তবায়নে অগ্রণী সহায়ক ভুমিকা রাখবে।<br><br>১. সকল শিশুর যথাযথ প্রমিত উচ্চারণে ভাষার দক্ষতা অর্জন ও যোগ্যতা ভিত্তিক শিখন ফল অর্জন অগ্রগতি বৃদ্ধি পাবে।<br><br>২.শিশুরা নিজে নিজে পড়তে পারবে ফলে শিক্ষার্থীর পড়ালেখার প্রতি আগ্রহ বাড়বে ,বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি বাড়বে এবং শিক্ষার্থী ঝরে পরার হার হ্রাস পাবে ।<br><br>৩.স্বল্প শিক্ষত অভিভাবক ও তার সন্তানকে নিজে নিজে হোমওয়ার্কের পড়ালেখা করাতে পারবে এতে অভিভাবকগণের তার নিজ সন্তানের পড়ালেখার প্রতি আত্মবিশ্বাস বাড়বে।<br><br>৪.শিশুর ভাষার দক্ষতা অর্জনের পাশাপাশি অনুশীলনীর মাধ্যমে শিশু উপযোগী সহায়ক পাঠ্যক্রম, জাতীয় চেতণা, চারুকারু, শারীরিক শিক্ষা, সংগীত, বাংলাদেশ ও বিশ্বপরিচয় সাধারণ জ্ঞান-বিজ্ঞান, উন্নত স্বপ্নদর্শণে উদ্বুদ্ধকরণ এবং কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব।<br><br>ভিডিও: ইউটিউব লিংক: (https://youtu.be/d১rBW_mfIeY) | |
| | ০২ | **বিতরণ ট্রান্সফর্মার চুরি প্রতিরোধ ব্যবস্থা** | ১। জনাব মোঃ সামিরুল হক, এজিএম (আইটি) পাবনা পল্লীবিদ্যুৎ সমিতি- ১<br>মোবাইল নং১৭০৪১০৬৫৬৩<br>ই-মেইল: samirulislamakash@gmail.com<br>২। জনাব মোঃ সাজেদুর রহমান,<br>লাইনম্যান গ্রেড-১<br>পাবনা পল্লীবিদ্যুৎ সমিতি- ১<br>মোবাইল নং ০১৭২৮১৮৩৫৬৯<br>ই-মেইল: samirulislamakash@gmail.com | বর্তমানে আমাদের দেশে ট্রান্সফরমার চুরি একটি সাধারণ দৃশ্য, যা বিদ্যুৎ খাতে অগ্রগতির পথে একটি মূল প্রতিবন্ধকতা। এটি দেশের আর্থসামাজিক উন্নয়নে একটি বাধা স্বরূপ। তাই এই সমস্যা সমাধানের জন্য ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমারকে চোরের হাত থেকে রক্ষা করার জন্য একটি **জিএমএসভিত্তিক ট্রান্সফরমার চুরি সুরক্ষার ব্যবস্থা তৈরি করা হয়েছে**। এই সিস্টেমটি জিএসএম প্রযুক্তির কল পরিসেবার মাধ্যমে কর্তৃপক্ষকে ঘটনাটি অবহিত করে। এছাড়া ও স্পটেএলইডিলাইট জলবে এবং এলার্ম চালু হয়ে আশেপাশের মানুষজনকে অবহিত করবে। পাবনা পল্লীবিদ্যুৎ সমিতি- ১ এর ক্যাম্পাসে প্রশিক্ষণ এসপিসিপোলে | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | সফলভাবে ডিভাইসটি স্থাপন করা হয় ১৫/২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে। | |
| | ০৩ | **স্মার্ট হসপিটাল ম্যানেজমেন্ট** | ০১। পি এম ইমরুল কায়েস<br>উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা<br>মোবাইল নং ০১৭৬২৬২১০০৬<br>ই-মেইল: unoishurdi@mopa.gov.bd<br>০২। ডা: এফ এ আসমা খান<br>উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ঈশ্বরদী, পাবনা<br>মোবাইল নং ০১৭১১৩৬৬২২৭<br>ই-মেইল: ishurdi@uhapo.dghs.gov.bd<br>০৩। মোঃমাসুদ রানা<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা।<br>মোবাইল নং ০১৭২২৮৬৮৬৩৫<br>ই-মেইল: masudit09@gmail.com | **স্মার্ট হসপিটাল ম্যানেজমেন্ট** এর মাধ্যমে একটি হসপিটালের টোটাল ম্যানেজমেন্ট যেমন: ওষুধ, ডাক্তার ও রোগীর সিডিউল ইত্যাদি এক সাথে ম্যানেজ করা যায়। | |
| | ০৪ | **বিদ্যুৎ এর অনুপস্থিতি সনাক্ত করণে এনানসিয়েশন হুটার** | ১। জনাব মোঃ সামিরুল হক, এজিএম (আইটি) পাবনা পল্লীবিদ্যুৎ সমিতি- ১<br>মোবাইল নং ১৭০৪১০৬৫৬৩<br>ই-মেইল: samirulislamakash@gmail.com<br>২। জনাব মোঃ সাজেদুর রহমান,<br>লাইনম্যান গ্রেড-১<br>পাবনা পল্লীবিদ্যুৎ সমিতি- ১<br>মোবাইল নং ০১৭২৮১৮৩৫৬৯<br>ই-মেইল: samirulislamakash@gmail.com | পবিস বিতরণ ব্যবস্থায় আউটডোর ও সেমি আউটডোর উপ কেন্দ্রে ব্যবহার হয়। বিভিন্ন সময়ে উপকেন্দ্রের ইনকামিং/আউটগোয়িংট্রিপ/বন্ধ হয়। সচরাচর বিদ্যুৎ এর লাইট কিংবা পাওয়ার ট্রান্সফরমারের শব্দ বা এসিআরট্রিপের শব্দের প্রতি দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে খেয়াল রাখতে হয়। এক্ষেত্রে অনেক সময় বিদ্যুতের অনুপস্থিতি বোঝা যায় না। এ সমস্যা থেকে উত্তরণের জন্য ব্যবহার করা যেতে পারে। যাতে করে কর্তব্যরত ব্যক্তি সহজে বুঝতে পারে। একটি **জিএসএমভিত্তিক এনানসিয়েশন হুটার ব্যবস্থা** তৈরি করা হয়েছে। এই সিস্টেমটি জিএসএম প্রযুক্তির কল পরিসেবার মাধ্যমে কর্তৃপক্ষকে ঘটনাটি অবহিত করবে এবং এলার্ম বাজবে। ডিভাইসটি অত্রপ্রবিসের সদর দপ্তরে চাটমোহর-১ উপকেন্দ্রের ১১ কেভি ফিডারে সফলভাবে স্থাপন করা হয়েছে। | |
| চাঁপাই নবাবগঞ্জ | ১ | **স্থানীয় সরকার পদক** (Local Government Award): চাঁপাইনবাবগঞ্জে অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন প্রচেষ্টায় এক নতুন ধারার সূচনা | এ কে এম গালিভ খাঁন<br>জেলা প্রশাসক<br>চাঁপাইনবাবগঞ্জ<br>০১৩১৮৩২০১০০<br>dcchapainawabganj@mopa.gov.bd | উপজেলা নির্বাহী অফিস, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদের বিভিন্ন কার্যক্রমে গতিশীলতা এবং দক্ষতা উন্নয়ন। | |
| | ২ | **ফিলিপাইনের ব্লাক রুবিজাতের আখের জাতের** | কানিজ তাস নোভা<br>উপজেলা কৃষি কর্মকর্তা,<br>চাঁপাইনবাবগঞ্জ সদর | **ফিলিপাইনের ব্লাক রুবিজাতের চিবিয়ে খাওয়ার**আখের সম্প্রসারণের জন্য কৃষকদের প্রশিক্ষণসহ বিভিন্ন কার্যক্রম। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | **সম্প্রসারণ** | মোবাইল নং- ০১৭১৯৪০২৮৪৮<br>ইমেইল-<br>uao.chapai.sadar@gmail.com | | |
| | ৩ | **আমবাগানের অনাবাদি পতিত** জমিতে মিষ্টি কুমড়া, আদা, হলুদ চাষের মাধ্যমে পতিত জমিকে চাষের আওতায় আনা | মো: সুলতান আলী, উপজেলা কৃষি অফিসার ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ<br>০১৭০০৭৫৫৯৯৬<br>bholahatdac@gmail.com | জনসংখ্যা বৃদ্ধিতে পুষ্টির চাহিদার প্রেক্ষিতে চাষযোগ্য এক ইঞ্চি জমিও অনাবাদি না রেখে **পতিত জমিতে** মিষ্টিকুমড়া, আদা, হলুদ **চাষের মাধ্যমে খাদ্য নিরাপত্তা** নিশ্চিত করা। | |
| | ৪ | **রানীহাটি গুচ্ছ গ্রামকে পারিবারিক পুষ্টি বাগানে রুপান্তর** | মো: শরিফুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ<br>০১৭৩৯০৬৩০৫৫<br>Sharifdae13@gmail.com | ১৪০টি পরিবারের মাঝে **সবজীর চারা বিতরণ ও পুষ্টির চাহিদা** পুরণে সচেতন করা | |
| | ৫ | বাই প্রোডাক্ট থেকে খাদ্য তৈরি (ফুড) | প্রকৌশলী এ জে এম মাসুদুর রহমান<br>চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনিস্টিটিউট<br>চাঁপাইনবাবগঞ্জ<br>০১৭১১৪৪৩১৭০<br>chapaipoly@gmail.com | খাবারের উচ্ছিষ্ট অংশ থেকে খাদ্য তৈরি। | |
| নাটোর | ১ | আশ্রয়ণ প্রকল্পের আওতায় উপকারভোগী পরিবারসমূহের জীবনমানের উন্নয়নের লক্ষ্যে অনলাইনভিত্তিক মনিটরিং ব্যবস্থা | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক নাটোর<br>০১৭১৩২০১৫১৫<br>dcnatore@mopa.gov.bd | আশ্রয়ণ প্রকল্পের আওতায় উপকারভোগী পরিবার সমূহের অনলাইনভিত্তিক তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে ইতিবাচক ধারায় আর্থ -সামাজিক পরিবর্তন নিশ্চিত করাই এই উদ্যোগের মূল উদ্দেশ্য । এই উদ্যোগের আওতায় একজন উপকার ভোগীর পরিবারের সাধারণ তথ্য (জাতীয় পরিচয় পত্র নং, জন্ম নিবন্ধন নং, মাসিক উপার্জন সক্ষমতা ) এবং প্রাপ্ত জমি ও ঘরের তথ্য (জে এল নং , মৌজার নাম খতিয়ান নং ) সংরক্ষণ করা হবে। এতে আশ্রয়ণ প্রকল্পের আওতায় সুফলভোগী পরিবারের আর্থ -সামাজিক অবস্থার পরিবর্তন মনিটরিং করা সহজ হবে । প্রয়োজনে বিভিন্ন ধরনের প্রশিক্ষণসহ অন্যান্য সুবিধাদি (সরকার প্রদত্ত ) প্রদানের মাধ্যমে উপকারভোগী পরিবার সমূহের জীবন মানের উন্নয়নে এ উদ্যোগটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।<br><br>**উদ্যোগের আওতায় গৃহীত কার্যক্রমঃ**<br><br>• প্রতিটি ঘরকে একটি ইউনিক আইডি প্রদান করা হবে।<br>• প্রতিটি উপজেলা থেকে সুনির্দিষ্ট পোর্টফোলি ও থেকে ড্যাটা আপলোড এবং ম্যানেজমেন্ট করা সম্ভব হবে।<br>• উপকারভোগীর বিভিন্ন তথ্য (জাতীয় পরিচয় পত্র নং , জন্মনিবন্ধন নং, মাসিক | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | উপার্জনের সক্ষমতা ) এতে সংরক্ষিত হবে , যা পরবর্তীতে তাদের আর্থ - সামাজিক অবস্থার পরিবর্তনে আশ্রয়ণ প্রকল্পের গুরুত্ব সম্পর্কে জানতে অত্যন্ত কার্যকর হবে।<br>● এই তথ্য ভান্ডারের তথ্য বিভিন্ন সামাজিক গবেষণায় কাজে লাগানো সম্ভব হবে। | |
| | ২ | কালেক্টরেট পাবলিক স্কুল, নাটোর এর ছাত্র ছাত্রীদের অভিভাবকদের জন্য প্রাতিষ্ঠানিক পর্যায়ে শিক্ষা ও দক্ষতা বৃদ্ধি সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণমূলক উদ্যোগ | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক নাটোর<br>০১৭১৩২০১৫১৫<br>dcnatore@mopa.gov.bd | কালেক্টরেট পাবলিক স্কুল, নাটোর এর ছাত্র ছাত্রীদের অভিভাবকদের জন্য স্কুলে অভিভাবক শেড নির্মাণ করা হয়েছে যেখানে তাদের বিশ্রামের ব্যবস্থা রয়েছে সেই সাথে সেখানে একটি মিনি লাইব্রেরি স্থাপন করা হয়েছে। যেখান থেকে অভিভাবকগণ বই সংগ্রহ করে বই পড়বেন এবং তাদের মতামত প্রদান করবেন । তাদের এই কার্যক্রমের ভিত্তিতে তাদের সন্তানদের পরীক্ষার ফলাফলের একটি অংশ মূল্যায়ন করা হবে। | |
| | ৩. | আত্ম নির্ভরশীল নতুন প্রজন্ম গড়ে তোলা | মো: নাদিম সারওয়ার<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>নাটোর<br>০১৭৬২৬৯২১০২<br>adcgnatore@mopa.gov.bd | কালেক্টরেট পাবলিক স্কুল, নাটোর এর শিক্ষক ও ছাত্র ছাত্রীদের মধ্যে একে অপরকে আপনি বলে সম্বোধন করা ও স্কুলের মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উপার্জনমুখী করে গড়ে তোলা ফলে তারা আত্ননির্ভরশীল ও আত্মবিশ্বাসী হওয়ার পাশাপাশি নিজের সম্পদের বিষয়ে যত্নশীল হতে শিখবে এবং আর্থিক ভাবে স্বাবলম্বী হতে পারবে। | |
| | ৪. | স্মার্ট কৃষি | মোঃ সাইফুল ইসলাম<br>উপ-সহকারী কৃষি কর্মকর্তা<br>হালসা ইউনিয়ন<br>নাটোর সদর<br>০১৭৩০৯১২৭৭৫<br>shifulislamsaao@gmail.com | কৃষকের ব্যক্তিগত, পারিবারিক ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে আধুনিক কৃষি প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে কৃষিকে বাণিজ্যিক বিপ্লব ঘটানোর লক্ষ্যে ৩০ জন স্মার্ট কৃষক নিয়ে যাত্রা শুরু হয়েছে। আগামী ০৩ মাসের মধ্যে মাঠ পর্যায়ে শুরু হবে। | |
| | ৫. | পরিষদের অভ্যন্তরে কর্মকর্তা কর্মচারী ও তাদের সন্তানদের বিনোদনের জন্য পার্ক নির্মাণ | শামীমা সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>লালপুর, নাটোর<br>মোবাইল নম্বর: ০১৭৬২৬৯২১১<br>unolalpur@mopa.gov.bd | উপজেলা পরিষদের অভ্যন্তরে বসবাসরত সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের বিনোদনের জন্য পার্ক পুনঃনির্মাণ করা হয়েছে । ফলে পরিষদের অভ্যন্তরে কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের সুষ্ঠু বিকাশে সহায়ক হয়েছে।<br>নির্মাণ কাল নভেম্বর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ | |
| রাজশাহী | ১ | **একই দিনে ড্রাইভিং লাইসেন্সের বায়োমেট্রিক ও পরীক্ষা গ্রহণ** | মোঃ মোশারফ হোসেন<br>মোটরযান পরিদর্শক<br>বিআরটিএ, রাজশাহী সার্কেল<br>মোবাইল- ০১৭১৮৪১২০৮১<br>ই-মেইল mh৭৭২৯@gmail.com | স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বিআরটিএ রাজশাহী এর উদ্যোগে গ্রাহক এক দিন বিআরটিএ অফিস ভিজিট করে ড্রাইভিং লাইসেন্সের পরীক্ষা ও বায়োমেট্রিক প্রদান। পরবর্তীতে ডাকযোগে গ্রাহকের **বাড়ী ড্রাইভিং লাইসেন্স পৌছে** দেয়ার উদ্যোগ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ২ | **ছবিযুক্ত অর্পিত সম্পত্তির ডাটাবেজ** | মো: সবুজ হাসান<br>সহকারী কমিশনার (ভূমি)<br>উপজেলা ভূমি অফিস,<br>গোদাগাড়ী, রাজশাহী<br>টেলিফোন:- ০৭২২৫ ৫৬০১৮<br>মোবাইল: ০১৭৯৫-৬৬৭২৯৬<br>E-Mail: aclgodagari@gmail.com | গোদাগাড়ী উপজেলা ভারতের সিমান্তবর্তী উপজেলা হওয়ায় অত্র উপজেলায় ৪৩০.১৬৫৫ একর অর্পিত সম্পত্তি আছে। দীর্ঘদিন যাবত অর্পিত (ভিপি) সম্পত্তির অব্যবস্থাপনার ফলে অর্পিত (ভিপি) সম্পত্তির বেদখল এবং মামলা মোকদ্দমা বৃদ্ধি পেয়েছিল। উদ্ভাবনী উদ্যোগে **ছবিযুক্ত অর্পিত সম্পত্তির ডাটাবেজ তৈরী করার ফলে**<br>০১। ৪৩০.১৬৫৫ একর অর্পিত সম্পত্তি ডাটাবেজ তৈরী করা হয়েছে।<br>০২। ৪৩০.১৬৫৫ একর অর্পিত (ভিপি) সম্পত্তির সরেজমিন সচিত্র প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>০৩। অর্পিত সম্পত্তির বাস্তব অবস্থান জানা সম্ভব হয়েছে।<br>০৪। সরকারের পূর্ণ নিয়ন্ত্রণ/ ব্যবস্থাপনায় আনা সম্ভবপর হয়েছে। এর ফলে ভিপি লিজ নবায়ন ও লিজ মানি আদায়ের হার বৃদ্ধি পেয়েছে । | |
| | ৩ | আরএমপি'র ডিজিটাল ফরেনসিক ল্যাব | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ<br>কাজীহাটা, রাজশাহী<br>মোবাইল নম্বর- ০১৩২০-০৬১০০০<br>ই-মেইল: pcrmp@police.gov.bd | যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব স্টেট অ্যান্টি-টেররিজম অ্যাসিস্ট্যান্স (এটিএ), ইউএস অ্যাম্বাসি'র সহযোগিতায় গত ২৭ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ সাইবার অপরাধ ও অপরাধী শনাক্তকরণ-সহ ডিজিটাল তথ্য প্রমাণাদি সংগ্রহ করে দ্রুত পরীক্ষা নিরীক্ষার জন্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশের ডিজিটাল ফরেনসিক ল্যাব যাত্রা শুরু করে।<br>এই ডিজিটাল ফরেনসিক ল্যাবে কম্পিউটার ও ডিজিটাল স্টোরেজ মিডিয়া থেকে গোপনীয় ডেটা উদ্ধার ও বিশ্লেষণ করা হয়। থাম্ব ড্রাইভ, ইন্টারনেট, ল্যাপটপ এবং অন্য পদ্ধতিগুলোর মতো বৈদ্যুতিক ডিভাইস দিয়ে তথ্য এবং অন্যান্য মূল্যবান ডেটা সংরক্ষণ বা স্থানান্তর করা হয়ে থাকে। এছাড়াও অপরাধ ঢাকতে বা আলামত গায়েব করতে মুছে ফেলা তথ্য, সোআপ ফাইল, মেমরি ডাম্প, হার্ড ড্রাইভে ফাঁকা ফোল্ডার, প্রিন্ট স্পুলার ফাইলের ফরেনসিক পরীক্ষা করা হয়। মোবাইল ফরেনসিকের মধ্যে রয়েছে অপরাধ কাজে ব্যবহৃত মোবাইল ফোন ও যে কোনো ডিভাইস। এই ল্যাবে ফরেনসিকের মাধ্যমে মোবাইল ফোন, ট্যাব, জিপিএস, ডিভাইস, ড্রোন ইত্যাদি থেকে ডেটা উদ্ধার ও বিশ্লেষণ করা হয়। | |
| | ৪ | **ট্রাফিক অফিসের প্রসিকিউশন শাখার মামলা নিষ্পত্তি করণের জন্য একটি সফটওয়্যার ডেভেলপ** | মোঃ আব্দুল আলীম সরকার<br>বিপি-৭৩৯৯০১০৯২৮<br>পুলিশ পরর্দিশক (শহর ও যানবাহন)<br>ট্রাফিক বিভাগ, আরএমপি, রাজশাহী।<br>মোবাইল নং-০১৭১৭-৯০৬৪১৯<br>ই-মেইল: alimsarker@yahoo.com | রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী'র ট্রাফিক অফিসের **প্রসিকিউশন শাখার মামলা নিষ্পত্তি করণের জন্য একটি সফটওয়্যার ডেভেলপ করেছেন** যার কারণে অত্রাফিসে কাজের গতি বৃদ্ধি পেয়েছে এবং মামলা নিষ্পত্তির ক্ষেত্রে স্বল্পসময়ের মধ্যে সেবা প্রদান করা যাচ্ছে।<br>বাস্তবায়নের সময়: ফেব্রুয়ারি/২০২৩ | |
| | ৫ | **ইটের পরিবর্তে ইউনি ব্লকের ব্যবহার** | মো: খলিলুর রহমান<br>উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, বাগমারা, রাজশাহী<br>মোবাইল : ০১৭০৮১৬১৫৯৩<br>ই-মেইল :<br>ue_bagmara@lged.gov.bd | **ইটের পরিবর্তে পরিবেশ বান্ধব ইউনি ব্লক ব্যবহার** করে ইট পোড়ানোর ধোয়া হতে পরিবেশ দূষণ রক্ষা করা ( ২০২২-২০২৩) | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বগুড়া | ১ | **হ্যালো বগুড়া** | মোঃ সাইফুল ইসলাম<br>জেলা প্রশাসক, বগুড়া<br>ফোন: ০২৫৮৯৯০০০২০ (অফিস)<br>মোবাইল: ০১৭৩৩৩৩৫৪০১<br>ই-মেইল: dcbogura@mopa.gov.bd | **বগুড়া জেলার সকল সরকারি দপ্তর এই এ্যাপসের সাথে সংযুক্ত** থাকবে। এখানে সকল প্রকার নাগরিক আবেদন দাখিল করার সাথে সাথে তা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হবে এবং দ্রুততম সময়ের মধ্যে সমাধান প্রদান করা হবে। ফলে মানুষের ভোগান্তি কম হবে এবং একই প্লাটফর্মে সকল সেবা প্রাপ্তির সুযোগ থাকবে। | |
| | ২ | **দুপচাঁচিয়া মডেল অব স্টুডেন্টস্ ড্রপ আউট কন্ট্রোল থ্রু এ্যাঙ্গেজমেন্টে এন্ড এপ্রিসিয়েশন** | মোঃ সুমন জিহাদী<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দুপচাঁচিয়া বগুড়া।<br>মোবাঃ ০১৭৩৩৩৩৫৪৩৯<br>ই-মেইল:<br>unodupchanchia@mopa.com | উদ্ভাবনীটি শিক্ষা প্রতিষ্ঠানের **ছাত্র-ছাত্রী ড্রপ আউট কমানো** বিষয়ক। করোনা মহামারী কালে লক ডাউনের পর ছাত্র-ছাত্রীরা নানা কারনে স্কুল বিমুখ হয়ে গিয়েছিল । তাদেরকে নানা কাজে এনগেজ করে এবং ছোট ছোট ভাল কাজগুলোর জন্য উৎসাহিত করার মাধ্যমে স্কুলে ফিরিয়ে আনার ব্যবস্থা নেয়া হয়েছে। | |
| | ৩ | **উপজেলা ভূমি অফিস হতে ইউনিয়ন ভূমি অফিস 'মনিটরিং টুল' স্থাপন** | মোহাম্মদ রায়হানুল ইসলাম<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নন্দীগ্রাম, বগুড়া<br>মোবাইল: ০১৭৩৩-৩৩৫৪৪৪<br>ইমেইল:<br>acl.nandigram.bogra@gmail.com | জনগণ ভোগান্তি ও হয়রানির স্বীকার হয় মূলত ইউনিয়ন ভূমি অফিসে। সেজন্য ইউনিয়ন ভূমি অফিসসমূহ **সার্বক্ষণিক মনিটরিং এর আওতায়** নিয়ে আসলে জনগণ হয়রানিমুক্তভাবে সেবা পাবে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাবৃন্দ সার্বক্ষণিক মনিটরিং এর আওতায় থাকবেন। পাশাপাশি ইউনিয়ন ভূমি অফিসসমূহে আগত সেবা প্রত্যাশীদের সাথেও এসি(ল্যান্ড) এর সাথে তাদের সমস্যা ও অভিযোগের বিষয়ে জানাতে পারবে। স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক ভূমি সেবা নিশ্চিতে একটি অন্যতম টুল হিসেবে ভূমিকা রাখবে। | |
| | ৪ | **ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনের আওতায় আনা** | মোহাম্মদ শহিদুজ্জামান,<br>উপ-পরিচালক<br>আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া,<br>০২৫৮৯-৯০১৯৮৫<br>ddlbogura@gmail.com | ২০২২-২৩ অর্থবছরে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনের আওতায় আনার কার্যক্রম চলামান ইতি মধ্যে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন অনলাইনের মাধ্যমে আবেদন করানো হচ্ছে। | |
| | ৫ | **"একটি যুবক একটি উদ্যোগ"** অ্যান্ড্রয়েড অ্যাপ | ডাঃ আমিরুল ইসলাম<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল<br>আদমদীঘি, বগুড়া।<br>০১৮১৬৮৯১৩৫৩<br>uloadamdighi@gmail.com | **"একটি যুবক একটি উদ্যোগ"** হলো এমন একটি কর্মসূচি যার মাধ্যমে উপজেলা পর্যায়ের প্রান্তিক জনগণ সীমিত সম্পদের যথেষ্ট ব্যবহার করে স্বাবলম্বী হতে পারে। কারণ দেশের মোট ভূমির পরিমান পরিমান আর বাড়বে না। তাই অল্প জায়গার মধ্যে ব্যক্তি নিজে প্রাণিসম্পদের বিভিন্ন ধরণের উদ্যোক্তা হতে পারে স্বল্প পুজিতে, অল্প পরিসরে এবং যা পরে বৃহৎ পরিসরে নিয়ে যেতে পারে। পরবর্তীতে অন্যদের কেউ কাজে যুক্ত করতে পারবেন ফলে কর্মসংস্থান বাড়বে।<br>**বিদ্যমান সমস্যা ও সমাধানঃ** উদ্যোক্তা সম্পর্কিত সুবিন্যস্ত তথ্য না থাকায় অনেকেই খামার স্থাপন করে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ফলে অনেক তরুণ-তরুণী প্রাণিসম্পদ উদ্যোক্তা হতে নিরুৎসাহিত হচ্ছেন। একটি সুবিন্যস্ত তথ্য ভান্ডার থাকলে আগ্রহী ব্যক্তি সবকিছু জেনে বুঝে খামার পরিচালনা করে লাভবান হলে আরও অনেকেই খামারি হবেন এবং নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | **সম্ভাব্য মেয়াদকালঃ** এপ্রিল ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৩<br>**"একটি যুবক একটি উদ্যোগ" অ্যান্ড্রয়েড অ্যাপ এর একটি খসড়া ভার্শন প্রস্তুত করে প্লে স্টোরে আপলোড করা হয়েছে। যা নিচের লিঙ্ক হতে ইন্সটল করা যাবেঃ**<br>https://play.google.com/store/apps/details?id=com.riggtechs.y১ | |
| জয়পুরহাট | ১ | **সাঁজবাতি** | সালেহীন তানভীর গাজী<br>জেলা প্রশাসক<br>জয়পুরহাট<br>মোবাইল নং-০১৭১৩-২০১৫০০ | দুর্বারগতিতে এগোতে থাকাদেশের শিক্ষাঙ্গনে জয়পুরহাটের শিক্ষার হার তুলনামূলকভাবে উল্লেখযোগ্য হলেও সীমান্ত ঘেষা এ অঞ্চলে দেশের অন্যান্য জেলার মতই মাদকের প্রভাব, অসৎসঙ্গ, মোবাইল ফোন ও ইন্টারনেটের অপব্যবহার, দুর্বল পারিবারিক বন্ধন এবং পড়াশোনার প্রতি অনীহা সর্বোপরি যথাযথ পরিবীক্ষণ চর্চার অভাবে স্কুল কলেজগামী ছাত্র সমাজ কাঙ্খিত সাফল্য অর্জন করতে পারছেনা । এ পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে জেলা প্রশাসন, জয়পুরহাট এর উদ্যোগে শিক্ষার্থী এবং অভিভাবকদের যথাযথ পরিবীক্ষণ ব্যবস্থাপনার আওতায় আনার উদ্দেশ্যে একটি **মিথস্ক্রিয়ামূলক (Interactive) কার্যক্রম নেয়া** হয়েছে । জয়পুরহাট জেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি, আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী, সরকারের অন্যান্য দফতরের কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক, সাংবাদিক সমাজ এবং সমাজের গণ্যমান্য ব্যক্তি বর্গের সমন্বয়ে গঠিত টিমের মাধ্যমে এই কার্যক্রম পরিচালিত হবে। | |
| | ২ | **কন্যা শিশু সুরক্ষা সেল ও মোবাইল অ্যাপ** | মোঃ মাসুদুল হাসান<br>উপজেলা শিক্ষা অফিসার<br>আক্কেলপুর, জয়পুরহাট<br>মোবাইল নং-০১৭১৬-৩৩৪৯৫৫<br>email: masud.rubd1983@gmail.com | কন্যা শিশুসহ সকল শিশুর প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন এবং যৌন নিপীড়ন প্রতিরোধে একটি শক্তিশালী সামাজিক নেট ওয়ার্ক। বিদ্যালয় পর্যায়ে শিক্ষক ও অভিভাবকদের সমন্বয়ে একটি সেল থাকবে। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ এবং উপজেলা শিক্ষা অফিসারের সমন্বয়ে একটি সেল থাকবে। সেলসমূহ দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে। প্রতিটি বিদ্যালয়ের বাহিরের দেয়ালে জরুরী টোল-ফ্রি নম্বরসমূহ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মোবাইল নম্বর প্রদর্শিত হবে। এ ছাড়া বিদ্যালয় ও উপজেলা পর্যায়ে সেলসমূহ মেন্টরিং ও মোটিভেশন কার্যক্রম পরিচালনা করবে। | |
| | ৩ | গুণগত মানসম্মত শিক্ষা | আবু তারেক মোহাম্মদ রওনাক আক্তার<br>উপজেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট<br>০১৭১৩-৯৩৯২৯৯,<br>**ueo.joypurhat.sadar@gmail.com** | গুণগত মানসম্মত শিক্ষা কার্যক্রমটি জয়পুরহাট জেলায় জয়পুরহাট সদর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ২০২২ সালে সফলভাবে পরিচালিত হয়েছে এবং বর্তমানেও চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের আওতায় শিশুদের মাঝে সততা , নীতি-নৈতিকতার বিকাশ, শুদ্ধাচার চর্চা, দেশপ্রেম, মানবিক মূল্যবোধ, নেতৃত্বের বিকাশ, শিশুর শারীরিক ও মানসিক বিকাশ, মানসম্মত শিক্ষা এবং শিশুর অধিকার রক্ষা ও সুরক্ষায় নতুন প্রজন্ম , শিক্ষক, অভিভাবক ও সাধারন জনগনের সাথে প্রশাসন , পুলিশ,স্বাস্থ্য বিভাগ, শিক্ষা বিভাগ, আইন সহায়তা কেন্দ্রসহ সরকারের বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে একটি শক্তিশালী সামাজিক নেটওয়ার্ক তৈরি হয়েছে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৪ | **আধুনিক মাছ বাজার ব্যবস্থাপনা** | মোঃ নুরনবী<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট<br>০১৭৪১-৪৮ | মৎস্য চাষি ঘরে বসে apps ব্যবহারের মাধ্যমে চাহিদা অনুযায়ী মাছ সরবরাহ করতে পারবে এবং মৎস্য অফিস সরাসরি **মাছ বাজার মনিটরিং** করতে পারবে। | কর্মকর্তা বদলী |
| | ৫ | **আরসিসি ট্যাংকে শিং মাছ চাষ** | মোঃ আনোয়ার আলী<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, কালাই, জয়পুরহাট<br>মোবাইল: ০১৭১২-৭৪৬৬২৬<br>mdanwarali665@gmail.com | টয়লেট ও আউটলেটের মাধ্যমে পানি পরিবর্তন করে আর সি সি ট্যাংকে শিং মাছ চাষ | |
| নওগাঁ | ১ | Online EPI Registration with ensuring 100% birth Registration System | জনাব মোঃ ইকতেখারুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>আত্রাই, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১২-০০৯৭১২<br>ই-মেইল- unoatrai@mopa.gov.bd | প্রত্যেকটি শিশু জন্মের সাথে সাথে EPI টীকাদান কর্মীর মাধ্যমে শিশুর অনলাইন নিবন্ধন করা। এর মাধ্যমে **EPI টীকা কার্ড ও সিস্টেমটি Digital করা সম্ভব হবে**। পাশাপাশি এই সফটওয়ারের মাধ্যমে প্রাপ্ত তথ্য নিয়ে অনলাইন জন্ম নিবন্ধন ০-৪৫ দিনের মধ্যে শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে। জুন/২০২২ থেকে চলমান। | |
| | ২ | **যুব ঋণ গ্রহীতাদের ডাটাবেজ তৈরি এবং ঋণের কিস্তি অনলাইনে পোস্টিং** | ১। জনাব মোঃ ইলিয়াছ হোসেন<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১৬-৪৫৭৫৭৬<br>২। জনাব মোঃ নাছির উদ্দিন<br>সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭৩৮-৭৩৯৩২২<br>৩। জনাব এস এম মাঝহারুল আলম<br>সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৩১২-১৩৪৪১০<br>৪। জনাব প্রকাশ চন্দ্র<br>সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১৮-৭০৪৪১০<br>৫। জনাব নূর মোহাম্মদ<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৯১১-৫৬০৬২৬ | শুরু থেকে হালনাগাদ সফল যুব ঋণ গ্রহীতাদের ডাটাবেজ তৈরী এবং **ব্যাংকিং পদ্ধতিতে প্রতিটি ঋণীয় কিস্তির জমাকৃত অর্থ অনলাইনে পোস্টিং নিশ্চিত করা।**<br><br>সময়কাল: ০১ (এক) বছর। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ই-মেইল-<br>nur.dyd.naogaon@gmail.com | | |
| | ৩ | **প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ** | জনাব মোঃ জয়নুল আবেদীন<br>উপজেলা সমবায় অফিসার, নওগাঁ সদর, নওগাঁ<br>মোবাইল নং- ০১৭১২-৪৩৯৯৭৮<br>ই-মেইল- ucosadarngon @gmail.com | সেবা বর্ণনা ও সহজীকরণের যৌক্তিকতা:<br>কো প্রাথমিক সমবায় সমিতির নির্বাচিত/ নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটির মেয়াদের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন করতে না পারলে বিদ্যমান/ মেয়াদোত্তীর্ণ কমিটির আবেদন মোতাবেক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ১৩ এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার ৫০,০০০ টাকার অধিক হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান আয় ব্যয় নির্বাহ সহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ণ ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান, সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম কানুন না জানার কারণেই হোক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। **সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত** করা হলে প্রকারান্তে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে।<br>মেয়াদ: ০১ (এক) বছর। | |
| | ৪ | **নিবিড় প্রাণিসম্পদ সেবা** | ১। ডা: মোহাম্মদ আমিনুল ইসলাম<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৩২৪-২৮৯৩৮৮<br>ই-মেইল- ulonaogaon@gmail.com<br>২। জনাব মোঃ মোতাহার হোসেন<br>উপ- সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা<br>নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১৮-৬২৮০২২<br>ই-মেইল-<br>motaharhossainmondal@gmail.com<br>৩। জনাব খন্দকার মুহম্মদ জাফর সাদেক | **প্রতি মাসের শেষ সোমবার প্রাণিসম্পদের সকল সেবাসমূহ** যেমন- গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা, গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকাদান, কৃমিনাশক ঔষধ প্রদান, কৃত্রিম প্রজনন, ডিজিজ সার্ভিলেন্স ইত্যাদি সেবাসমূহ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে প্রদান করা হয়।<br><br>মেয়াদ: ০১ (এক) বছর। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | উপ- সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১৭-০১৪০৬৫<br>ই-মেইল- kmzafarsadeque@gmail.com | | |
| | ৫ | **নিরাপদ সবজি চাষ** | জনাব মোঃ নুরুজ্জামান রনি<br>কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁ।<br>মোবাইল নং- ০১৭১৭-১৮৮৬৩৯<br>ই-মেইল- mnronibau2@gmail.com | জৈব বালাইনাশক, জৈব সার, ট্রাইকোকম্পোস্ট ও ফেরোমন ট্রাপ ব্যবহার করে **ফার্মি কম্পোস্ট সবজি উৎপাদন।**<br>মেয়াদ: ০১ (এক) বছর | |
| বিভাগীয় মৎস্য অফিস, রাজশাহী | ১ | **ফিশ ফিড লাইসেন্স এবং হ্যাচারী রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জাতীয় তথ্য বাতায়ন ভিত্তিক কিউআর কোর্ড প্রবর্তন** | ১। জনাব মোঃ আমিমুল এহসান<br>জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ<br>মোবাইল: ০১৭১২-২৫০১২২<br>amisan৭২@yahoo.com<br>২। জনাব রনি চন্দ্র মন্ডল<br>সহকারী পরিচালক, ডিএফও অফিস, নওগাঁ<br>মোবাইল: ০১৭১৭-২৬৮২৮২<br>ron_mondal_spn@yahoo.com | ফিশ ফিড লাইসেন্স এবং হ্যাচারী রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জাতীয় তথ্য বাতায়ন ভিত্তিক **কিউআর কোর্ড প্রবর্তন**<br>প্রকল্প শুরু: এপ্রিল ২০২২<br>প্রকল্প সম্পন্ন: সেপ্টেম্বর ২০২২ | |
| বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী | ১ | জরুরী সেবার জন্য ভেটেরিনারি মেডিকেল ইউনিট স্থাপন | (ডাঃ মোঃ নাজমুল হক)<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>বদলগাছী, নওগাঁ।<br>মোবাইল: ০১৩১৭-৭০২৭০৭<br>ই-মেইল: ulobadalgachhidls@gmail.com | অফিস সময়ের আগে ও পরে এবং ছুটির দিনে জরুরী ভেটেরিনারি মেডিকেল সেবার জন্য দপ্তরের ক্যাম্পাসে ভেটেরিনারি মেডিকেল ইউনিট স্থাপন করা হয়েছে এবং কার্যক্রম ০১/০১/২০২৩ খ্রি. হতে চলমান রয়েছে। | |
| | ২ | "লাইভস্টক ভিশন" নামক নিজস্ব ইউটিউব চ্যানেল গঠন | (ডাঃ মোঃ নাজমুল হক)<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>বদলগাছী, নওগাঁ।<br>মোবাইল: ০১৩১৭-৭০২৭০৭<br>ই-মেইল: ulobadalgachhidls@gmail.com | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বিভিন্ন উন্নয়নমূলক, সম্প্রসারণমূলক ও মেডিকেল সেবার তথ্য চিত্র নিজস্ব ইউটিউব চ্যানেলে বিগত ০১/০৮/২০২২ খ্রি. হতে সম্প্রচার করা হচ্ছে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | ৩ | প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সম্প্রসারণ বিভাগের অনলাইন রিপোর্টিং www.reportkolive.org | কাজী আবু সাঈদ,<br>পদবীঃউপসহকারী প্রাণিসম্পদ অফিসার (পোল্ট্রিপ্রোডাকশন), সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার জামালগঞ্জ, জয়পুরহাট,<br>প্রেষণেঃআঞ্চলিক হাঁস প্রজনন খামার, নওগাঁ।<br>০১৭১৬০৭১৯৩২<br>Kaziabusayeed৭২@gmail.com | প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সকল দপ্তরের একটি করে ID আছে। এখানে উপজেলা দপ্তরগুলি তাদের স্বস্ব ID Login করে প্রত্যেক মাসিক ছকে তথ্যাদি পূরণ করবে। এই তথ্যাদি স্বয়ংত্রিয়ভাবে জেলা তার উপজেলার একত্রিত প্রতিবেদন, বিভাগ তার জেলার একত্রিত প্রতিবেদন এবং অধিদপ্তর ও মন্ত্রণালয় সকল বিভাগের একত্রিত প্রতিবেদন পেয়ে যাবে ও সকল তথ্য মাসিক ভিত্তিতে সংরক্ষণ থাকবে। প্রয়োজনে অধিদপ্তর, বিভাগীয় দপ্তর, জেলা দপ্তর বিগতমাসের সকল ধরনের রিপোর্ট প্রিন্ট ও পর্যবেক্ষণ করবে। (স্বয়ংক্রিয়ভাবে সম্প্রসারণসহ সকল ধরনের মাসিক প্রতিবেদন খুব সহজে প্রাপ্তি ও একত্রিকরণ) সময়কালঃএপ্রিল/২০২১ হইতে | |
| | ৪ | ভেটেরিনারি ডাক্তারগণের অনলাইন প্রেসক্রিপশন www.prescription.reportkolive.org<br><br>(চিকিৎসা সেবা দ্রুতজনগনের দোরগোড়ায় পৌছে দেয়া) | কাজী আবু সাঈদ,<br>পদবীঃ উপসহকারী প্রাণি সম্পদ অফিসার (পোল্ট্রিপ্রোডাকশন), সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার জামালগঞ্জ, জয়পুরহাট,<br>প্রেষণেঃআঞ্চলিক হাঁস প্রজনন খামার, নওগাঁ।<br>০১৭১৬০৭১৯৩২<br>Kaziabusayeed৭২@gmail.com | মোবাইলে এর মাধ্যমে পশুপাখি পালনকারীর পশুপাখির সমস্যা শুনে ও প্রয়োজনে ভিডিওকলে এর মাধ্যমে পর্যবেক্ষণ করে ভেটেরিনারি ডাক্তারগণ স্বীয় স্বীয় ID তে লগইন করে প্রেস্ক্রিপশন ফরম থেকে (ঔষধের নাম ও ব্যবহারের মাত্রা উল্লেখ করা আছে) পছন্দমত কোম্পানীর ঔষধ বাছাই করে সকল ভেটেরিনারি ডাক্তারগণ প্রেসক্রিপশন তৈরী করে whatsapp, facebook messenger সহ সকল মাধ্যমে প্রেরণ। সময়কালঃ নভেম্বর /২০২২ হইতে | |
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী | ১ | পরিবেশ বান্ধব পদ্ধতিতে নিরাপদ সবজি উৎপাদন | তানভীর আহমেদ সরকার<br>উপজেলা কৃষি অফিসার<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ<br>০১৭০০৭১৫৯৯৩<br>uaogomastapur@gmail.com | জৈবিক উপায়ে ফসল/সবজির বালাই নিয়ন্ত্রনের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদন ও বাজারজাতকরণ্ এবং উক্ত বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় উপকরণসহ হাতে কলমে প্রশিক্ষণ প্রদান (জুলাই/২০২২-জুন/২০২৩) | |

সর্বমোট=৪৫ টি উদ্ভাবনী প্রকল্প